

ঝুঁকি ও আতঙ্কের মধ্যে চলেছে শিক্ষা কার্যক্রম

■ রাঙামাটি অফিস

ঐতিহ্যবাহী রাঙামাটি সরকারি কলেজ ভবনটির বিভিন্ন স্থানে ফাটলসহ ছাদে পলেস্তারা খসে পড়ায় ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। বিকল্প কোনো ভবন না থাকায় শিক্ষার্থীদের জীবনের ঝুঁকি নিয়ে রাস করতে হচ্ছে। যে কোনো মুহুর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটানোর আশঙ্কা করা হচ্ছে।

২৪ একর জায়গার ওপর ১৯৬৫ সালে পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্যবাহী বিন্যাপীঠ ও মনোরম প্রাকৃতিক সৌন্দর্যে ভরা রাঙামাটি কলেজটি স্থাপিত হয়। ১৯৬৯ সালে দুই ও তিনতলা বিশিষ্ট দুটি পাকা ভবন নির্মাণ করা হয়। এরপর থেকে কলেজটি পার্বত্য চট্টগ্রামে উচ্চশিক্ষার ক্ষেত্রে অবদান রেখে আসছে। ১৯৮৯ সালে রাঙামাটি সরকারি কলেজটিকে দেশের ১৫টি বিশ্ববিদ্যালয় কলেজ প্রকল্পের অন্তর্ভুক্ত করে এ কলেজটি বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে উন্নীত করা হয়। বর্তমানে এ কলেজের সাড়ে চার হাজারেরও অধিক ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। কলেজে স্নাতক ৭ বিষয়ে অনার্স, এক বিষয়ে



রাঙামাটি সরকারি কলেজ

মাষ্টার্স বিষয় চালু হলেও আদান্য নতুন কোনো ভবন নির্মাণ করা হয়নি। দুই ও তিনতলা বিশিষ্ট রাঙামাটি সরকারি কলেজের দুটি ভবন নির্মাণের ৪৫ বছরেও কোনো সংস্কারসহ নতুন কোনো ভবন গড়ে ওঠেনি। ফলে ভবন দুটিতে প্রতিনিয়ত দেখা দিচ্ছে বড় বড় ফাটল। ছাদ থেকে খসে পড়ছে পলেস্তারা। কলেজ ভবনের বিকল্প কোনো ভবন না থাকায় ছাত্রছাত্রীদের জীবনের ঝুঁকি নিয়ে রাস করতে হচ্ছে। কলেজের ব্যবস্থায় শিক্ষা বিভাগের একাদশ শ্রেণীর ছাত্রী সুনত্রা চাকমা জানায়, শ্রেণীকক্ষে এমনভাবে বসার জায়গা সঙ্কুলান হয় না। এ অবস্থায় কলেজে একের পর এক ফাটল দেখা দেওয়ায় খুব টেনশনের মধ্য দিয়ে তাদের রাস করতে হচ্ছে। অধ্যক্ষ বাজিতা চাকমা বলেন, ঝুঁকি ও আতঙ্কের মধ্যে কলেজে কার্যক্রম চালাতে হচ্ছে। কখন কী হয় এ নিয়ে দুশ্চিন্তা থাকে শিক্ষক-শিক্ষার্থী সবার। কয়েক মাস আগে ভবনের কিছু কিছু স্থানে সংস্কার ও রঙ লাগানো হলেও আবারও একই অবস্থা দেখা দিয়েছে।